দৈনিক ইত্তেফাক ১৮
তারিখ 05 NOV 1996
পৃষ্ঠা ৩ কলাম ৪

ঢাকা বিশ্ববিদ্যালয়

# মাষ্টার্স প্রিলিমিনারীতে ভর্তি বন্ধের সিদ্ধান্ত

আনোয়ার আলদীন ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ে চলতি বছর হইতে মাষ্টার্স প্রিলিমিনারী শ্রেণীতে ভর্তি বন্ধের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। ফলে ১৯৯৪, '৯৫ ও '৯৬ সালে ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ কয়েক হাজার ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীর ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের পথ রুদ্ধ হইয়া গেল। প্রতিষ্ঠাকাল হইতেই বিশ্ববিদ্যালয়ে প্রিলিমিনারী শ্রেণীতে নিয়মিত ভর্তি কার্যক্রম চলিয়া আসিতেছে। গত এক বছর সিদ্ধান্তহীনতার পর সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির এক সভায় প্রিলিমিনারী শ্রেণীতে ভর্তি প্রক্রিয়া

(১৫শ পৃ: ৬-এর ক: দ্র: )

## মাষ্টার্স প্রিলিমিনারীতে

(১ম পৃ: পর)

স্থায়ীভাবে বন্ধের সিদ্ধান্ত গৃহীত হয়। বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইবে, এই প্রত্যাশায় অনেক মেধাবী ছাত্র-ছাত্রী কোন কলেজে মাষ্টার্সে ভর্তি না হইয়া অপেক্ষমাণ ছিল। বিশ্ববিদ্যালয়ের পূর্ববর্তী ভিসি কয়েক মাস পূর্বে বলিয়াছিলেন, নির্ধারিত কয়েকটি বিষয়ে এই বছর প্রিলিমিনারী শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হইবে। জানা যায়, নূতন ভিসি দায়িত্ব গ্রহণের পর গত মাসে অনুষ্ঠিত ভর্তি কমিটির এক সভায় উপস্থিত অধিকাংশ শিক্ষক প্রতিনিধি প্রিলিমিনারী শ্রেণীতে ভর্তির বিপক্ষে মতামত ব্যক্ত করেন। ঐ সভায় উপস্থিত ৩৮ জন শিক্ষক প্রতিনিধির মধ্যে ২২ জনই প্রিলিমিনারীতে ভর্তির বিপক্ষে ছিলেন। জানা যায় সর্বশেষ ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী শ্রেণীতে ৩৬টি বিষয়ে ২ হাজার ৭৬ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি বলিয়াছেন, দেশে বর্তমানে অর্ধশতাধিক মাষ্টার্স কলেজ হইয়াছে। এই সময় বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত চাপ কমাইতে মতামতের ভিত্তিতে মাষ্টার্স প্রিলিমিনারীতে ভর্তি বন্ধ করা হইয়াছে।

এদিকে আগামী শিক্ষা বর্ষ হইতে অনার্সে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা বৃদ্ধি করা হইতে পারে। চলতি শিক্ষা বর্ষে প্রায় চার হাজার ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। একটি সূত্র জানায়, এই বছর এইচএসসি পরীক্ষায় পাসের হার হ্রাস পাওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা কিছুটা শিথিল করা হইতে পারে। তবে এই ব্যাপারে এখনও পর্যন্ত চূড়ান্ত কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। আগামী রমজান মাসের পরই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রহিয়াছে। ভর্তি পরীক্ষার প্রশ্ন পদ্ধতি চলতি শিক্ষা বর্ষের মতই হইবে।